রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৯, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়
মৎস্য-৪ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ১৪ অক্টোবর ২০০৪/২৯ আশ্বিন ১৪১১

এস, আর, ও নং ২৯৮-আইন/২০০৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ নং অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (মেরিন ফিশারিজ একাডেমী, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার, বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন সরকারী কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত বোর্ড, স্বীকৃত প্রতিষ্ঠান ও স্বীকৃত ইনষ্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় ও বোর্ড, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনষ্টিটিউট ও প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য ঃ টাকা ৩.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না , যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড, অথবা ক্ষেত্রবিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও এইরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী বা প্রথম শ্রেণী, এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণী পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে সংশ্লিষ্ট শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তফসিল
[ বিধি ২(ক) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অধ্যক্ষ | - | পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>উর্দ্ধতন ইন্সট্রাক্টর (মেরিন) এবং উর্দ্ধতন ইন্সট্রাক্টর (নেভিগেশন) পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ২। | উর্দ্ধতন ইন্সট্রাক্টর (মেরিন) | ৪২ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ইন্সট্রাক্টর (মেরিন) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশল/প্রথম শ্রেণীর ফিশিং ভেসেল মেরিন প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রীসহ সমুদ্রগামী বাণিজ্য বা ফিশিং জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে ২(দুই) বৎসরের চাকুরী অভিজ্ঞতা ; অথবা<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে মেরিন বা যান্ত্রিক প্রকৌশল এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রীসহ যে কোন শ্রেণীর মেরিন প্রকৌশলী সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট হইতে যান্ত্রিক প্রকৌশল/নৌস্থপিত এন্ড মেরিন প্রকৌশল এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ১২(বার) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩। | উর্দ্ধতন ইন্সট্রাক্টর (নেভিগেশন) | ৪২ বৎসর | পদোন্নতির মাধ্যমে ঃ<br><br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br><br>ইন্সট্রাক্টর (নেভিগেশন) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br><br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে মাষ্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রীসহ সমুদ্রগামী বাণিজ্য বা ফিশিং জাহাজে নায়ক (ক্যাপ্টেন) হিসাবে ২(দুই) বৎসরের চাকুরী অভিজ্ঞতা ; অথবা<br><br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণীর ফিশিং ভ্যাসেল ডেক অফিসার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩(তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৪। | ইন্সট্রাক্টর (মেরিন) | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br><br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br><br>জুনিয়র ইন্সট্রাক্টর (মেরিন)/জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণীর (মেরিন) প্রকৌশল বা প্রথম শ্রেণীর ফিশিং ভেসেল মেরিন প্রকৌশল বা সমমানের যোগ্যতার সনদ এবং ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসহ মোট ১(এক) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট হইতে যান্ত্রিক প্রকৌশল বা নৌ-স্থপতি এন্ড মেরিন প্রকৌশল এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রীসহ ৭(সাত) বৎসরের চাকুরী; অথবা<br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে মেরিন ডিসিপ্লিনে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী এবং মেরিন প্রকৌশল যোগ্যতার সনদসহ ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৫। | ইন্সট্রাক্টর (নেভিগেশন) | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে ;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণীর ফিশিং ভেসেল ডেক অফিসার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট এবং ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা, তন্মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে ১(এক) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | কোন স্বীকৃত মেরিটাইম প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীর ডেক অফিসার সার্টিফিকেট/দ্বিতীয় শ্রেণীর ফিশিং ভেসেল ডেক অফিসার সার্টিফিকেট বা সমমানের যোগ্যতার সার্টিফিকেটসহ ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৬। | ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে ;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>জুনিয়র ইন্সট্রাক্টর (ফিশ প্রসেসিং) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন সায়েন্স বা ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজী বা একুয়াকালচার বা মেরিনকালচার বা ফিশারিজ (মেরিন) এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রীসহ মৎস্য প্রক্রিয়াজাত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে মৎস্য প্রক্রিয়াজাত/মান নিয়ন্ত্রণে গবেষণা কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭। | মেডিক্যাল অফিসার কাম-ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রীসহ বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টার কাউন্সিল কর্তৃক নিবন্ধনভুক্ত। |
| ৮। | জুনিয়র ইন্সট্রাক্টর (মেরিন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট হইতে যান্ত্রিক প্রকৌশল বা নৌ-স্থপতি এন্ড মেরিন প্রকৌশল-এ স্নাতক ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রী; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে বিএসসি (পাস) ডিগ্রী এবং যে কোন শ্রেণীর মেরিন প্রকৌশল যোগ্যতার সনদসহ ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৯। | জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রেডিও ইলেকটনিক্স-এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রী ; অথবা<br><br>বিএসসি (পাস) নটিক্যাল ডিগ্রী এবং যে কোন শ্রেণীর ডেক যোগ্যতা সনদসহ ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা<br><br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) বা সমমানের সার্টিফিকেটসহ সমুদ্রগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১০। | জুনিয়র ইন্সট্রাক্টর (ফিস প্রসেসিং) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন সায়েন্স বা ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজী বা একুয়াকালচার বা মেরিকালচার বা ফিশারিজ (মেরিন)-এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রী ; তবে মৎস্য প্রক্রিয়াজাত বা মান নিয়ন্ত্রণের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১। | জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট হইতে তড়িৎ প্রকৌশল-এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২। | ফিজিক্যাল ট্রেনিং ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে ; তবে সরাসরি নিয়োগের মাধ্যমে প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট হইতে শরীর চর্চা বিষয়ে স্নাতক ডিগ্রী বা সমমানের ডিগ্রী। |
| ১৩। | প্রশাসনিক অফিসার | - | পদোন্নতির মাধ্যমে; | হেড এ্যাসিস্ট্যান্ট বা সাঁটলিপিকার (পি,এ) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ১৪। | ফোরম্যান (মেকানিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে যান্ত্রিক বা শক্তি কৌশল এ ডিপ্লোমা বা সমমানের সার্টিফিকেট। |
| ১৫। | একাউনটেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ক্যাশিয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী বা সমমানের ডিগ্রী; তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬। | হেড এ্যাসিস্টেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>এলডিএ কাম-টাইপিষ্ট অথবা লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট অথবা ষ্টোরকীপার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭। | সাঁটলিপিকার (পিএ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেটসহ বাংলা টাইপিং ও শর্টহ্যান্ডে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৭০ শব্দের এবং ইংরেজি টাইপিং ও শর্টহ্যান্ডে প্রতিমিনিটে যথাক্রমে ৪০ ও ৮০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। |
| ১৮। | কম্পাউন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনষ্টিটিউট হইতে ফার্মাসিস্ট সার্টিফিকেটসহ ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা প্যারা-মেডিক্যালস সার্টিফিকেটসহ ৮(আট) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৯। | ড্রাফটসম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেডকোর্স সার্টিফিকেট; তবে মেরিন ড্রাফটসম্যান হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে। |
| ২০। | লাইব্রেরী এ্যাসিস্টেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেটসহ স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্স এ সার্টিফিকেট। |
| ২১। | ষ্টোরকিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট। |
| ২২। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট। |
| ২৩। | ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জীব বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট। |
| ২৪। | এল, ডি, এ-কাম-টাইপিষ্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেট এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষরিক লিখনে বাংলায় ২০ ইংরেজীতে ২৮ শব্দের গতি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে বৈদ্যুতিক সরঞ্জাম রক্ষণাবেক্ষণ-এর সনদ। |
| ২৬। | ওয়ার্কশপ মেকানিক-কাম-ওয়েল্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট এবং ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৭। | বোট ড্রাইভার (সারেং) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ ডিপার্টমেন্ট অফ শিপিং কর্তৃক ইস্যুকৃত দক্ষ ড্রাইভার হিসাবে সার্টিফিকেট অফ কম্পিটেন্সী। |
| ২৮। | বোট ইঞ্জিন ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ স্বীকৃত প্রতিষ্ঠানের সার্টিফিকেটসহ ডিজেল ইঞ্জিন ওয়ার্কশপ-এ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৯। | ড্রাইভার (এম,টি) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ বৈধ মোটর ড্রাইভিং লাইসেন্স এবং হালকা ও ভারী যানবাহন চালনায় ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩০। | ওয়ার্কশপ ফিটার | - | পদোন্নতির মাধ্যমে | ওয়ার্কশপ এটেনডেন্ট পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৩১। | ওয়ার্কশপ এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদী যান্ত্রিক বিষয়ে ট্রেড কোর্স পাস। |
| ৩২। | হোস্টেল কুক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>কুক সহকারী বা হোস্টেল বয় পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ অষ্টম শ্রেণী পাসসহ স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে ক্যাটারিং এ সনদ এবং সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানে ১ (এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা অথবা পর্যটন কর্পোরেশন হইতে ক্যাটারিং এ প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ৩৩। | কুক সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস; তবে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে ক্যাট্যারিং এ সনদধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৪। | হোস্টেল বয় | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস; তবে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে ক্যাট্যারিং এ সনদধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৫। | সিকিউরিটি গার্ড | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন, সুস্বাস্থ্যের অধিকারী ও শারীরিক যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। |
| ৩৬। | এম,এল,এস,এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩৭। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩৮। | সুইপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস; তবে পেশাজীবী সুইপার শ্রেণীর প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

**ইকবাল উদ্দীন আহমেদ চৌধুরী**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।